**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 23-07-2025** **Desk in Charge: SDG**

**Time: 7-35 AM** **Editing: NBR**

**DEO : KB** **NRT : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে রাজ্য সরকারের প্রশাসনিক ও আর্থিক নিয়ন্ত্রণ থেকে মুক্ত রাখতে নির্বাচন কমিশন, তাকে 'সম্পূর্ণ স্বতন্ত্র' করে গড়ে তোলার নির্দেশ দিয়েছে।

২/ দীঘার নবনির্মিত জগন্নাথ মন্দিরে আর্থিক তছরুপের অভিযোগ তুলে দায়ের হওয়া জনস্বার্থ মামলায় রাজ্য ও হিডকো-র কাছে হলফনামা তলব করেছে কলকাতা হাইকোর্ট।

৩/ 'জাতীয় সিকল সেল মিশন'-এর অধীনে মোট ৬ কোটি ব্যক্তির নমুনা পরীক্ষা করা হয়েছে।

৪/ সুপ্রিম কোর্টের রায়ে হারানো চাকরীতে সসম্মানে পুনর্বহালের দাবী নিয়ে আজ থেকে নতুন দিল্লিতে ধর্নায় বসতে চলেছে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ।

৫/ কলকাতায় আজ শুরু হচ্ছে ১৩৪-তম ডুরান্ড কাপ ফুটবল।

# প্রথম খেলা ইস্টবেঙ্গল ও সাউথ ইউনাইটেড FC-র মধ্যে ।

**********************************************************************

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে রাজ্য সরকারের প্রশাসনিক ও আর্থিক নিয়ন্ত্রণ থেকে মুক্ত রাখতে নির্বাচন কমিশন, তাকে ‘সম্পূর্ণ স্বতন্ত্র’ করে গড়ে তোলার নির্দেশ দিয়েছে। গত ১৭ জুলাই এব্যাপারে মুখ্যসচিব মনোজ পন্থকে লেখা এক চিঠিতে একথা জানানো হয়েছে।

উল্লেখ্য, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল, বর্তমানে রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব পদে রয়েছেন। ফলে দফতরটি অর্থনৈতিক ও প্রশাসনিক দিক থেকে রাজ্য সরকারের উপর নির্ভরশীল। নির্বাচন কমিশনের পর্যবেক্ষণ, এতে সাংবিধানিক নিরপেক্ষতা বিঘ্নিত হওয়ার আশঙ্কা তৈরি হচ্ছে। দফতরের নিজস্ব বাজেট না থাকায় কোনও খরচ করতে গেলেও, রাজ্য সরকারের অনুমতি নিতে হচ্ছে। এমনকী ভোট সংক্রান্ত খরচের ক্ষেত্রেও দফতরটি ফিনান্স ডিপার্টমেন্টের অনুমোদনের উপর নির্ভরশীল হয়ে পড়ছে। কমিশনের মতে, এভাবে চললে ভবিষ্যতে নির্বাচন সংক্রান্ত নানা গুরুত্বপূর্ণ পদক্ষেপের উপর সরকারি হস্তক্ষেপের সম্ভাবনা থেকে যায়।

চিঠিতে নির্বাচন কমিশন জানিয়েছে, মুখ্য নির্বাচনী আধিকারিকের অধীনে আলাদা দফতর গঠন করতে হবে। তৈরি করতে হবে স্বতন্ত্র বাজেট হেড। মুখ্য নির্বাচনী আধিকারিককে আর্থিক বিষয়ে অতিরিক্ত মুখ্যসচিব অথবা প্রিন্সিপাল সেক্রেটারির সমান ক্ষমতা দিতে হবে। পাশাপাশি কমিশনের সুপারিশ অনুযায়ী দফতরে নিযুক্ত ফিনান্স অ্যাডভাইজারদের মাধ্যমে প্রদান করতে হবে নির্দিষ্ট আর্থিক ক্ষমতা। ভোট সংক্রান্ত কাজে যাতে দেরি না হয়, তার জন্য শূন্য পদে দ্রুত নিয়োগের পরামর্শও দেওয়া হয়েছে।

**********************

সেপ্টেম্বরের আট তারিখ থেকে শুরু হতে চলা উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের পরীক্ষা চলাকালীন, রাজ্যের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল শিক্ষকদের বুথ লেবেল অফিসার বা BLO পদে ছাড় দেওয়ার আর্জি জানিয়ে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ, রাজ্যের সমস্ত জেলাশাসক ও বিদ্যালয় পরিদর্শকদের কাছে আবেদন করেছে। এব্যাপারে, মধ্য শিক্ষা পর্ষদের কাছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে আবেদন জানানো হয়েছে। সংসদ সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানিয়েছেন, নানা কারণে স্কুলগুলিতে শিক্ষক-সংকট প্রকট। এই পরিস্থিতিতে শিক্ষকদের BLO ডিউটিতে ছাড় দেওয়ার আবেদন জানানো হচ্ছে।

**********************

বাংলাদেশি সন্দেহে রাজ্যের ৫২ জন শ্রমিকের তথ্য চেয়ে হরিয়ানা সরকার রাজ্যকে চিঠি দেওয়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। কেন্দ্রের বিরুদ্ধে 'ভাষা সন্ত্রাস'-এর অভিযোগ তুলে তিনি বলেন, রাজনৈতিকভাবে এর মোকাবিলা করা হবে।

( বাইট- CM 7.35 )

উল্লেখ্য, ২৭ জুলাই থেকে রাজ্য জুড়ে পূর্ব ঘোষিত কর্মসূচি ছাড়াও মুখ্যমন্ত্রী, বিভিন্ন জেলা সফরে প্রতিবাদে মিছিল করবেন। ওইদিন থেকে দু'দিনের বীরভূম সফরে যাবেন মুখ্যমন্ত্রী। সেখানেও একই ধরনের কর্মসূচি নেওয়া হবে।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, স্বচ্ছতার সঙ্গে ভোটদান সুনিশ্চিত করতেই নির্বাচন কমিশন ভোটার তালিকা সংশোধনের পাশাপাশি একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে।

( বাইট- শমীক )

**********************

পশ্চিমবঙ্গে, জাতীয় নাগরিক পঞ্জী বা ন্যাশনাল রেজিস্ট্রার অফ সিটিজেন্স-NRC চালুর দাবীতে কলকাতা হাইকোর্টে দায়ের হয়েছে, জনস্বার্থ মামলা।

দক্ষিণ ২৪ পরগণার বাসিন্দা, হাইকোর্টের'ই এক আইনজীবি তাঁর আবেদনে জানিয়েছেন, অনুপ্রবেশ আটকাতে কেন্দ্র ও রাজ্যকে ১৯৫৫ সালে ভারতীয় নাগরিকত্ব আইনের চার ও ১৪-র 'ক' ধারা কার্যকর করার প্রয়োজন।

এব্যাপারে আবেদন গ্রহণ করে বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, আগামী মঙ্গলবার মামলাটির শুনানি হবে। এসংক্রান্ত অন্য কোন মামলা বিচারাধীন আছে কিনা, তাও রাজ্যের কাছে জানতে চেয়েছে হাইকোর্ট।

**********************

দীঘার নবনির্মিত জগন্নাথ মন্দিরে আর্থিক তছরুপের অভিযোগ তুলে দায়ের হওয়া জনস্বার্থ মামলায় রাজ্য ও হিডকো-র কাছে হলফনামা তলব করেছে কলকাতা হাইকোর্ট।

আবেদনকারীর দাবী, দিঘায় জগন্নাথ ধামের নামে মন্দির তৈরির কাজে টাকা দিয়েছে হিডকো, যা আইনের পরিপন্থী। কারণ ভারতীয় সংবিধান অনুযায়ী রাষ্ট্রের কোনো ধর্ম নেই। জনগণের টাকা এভাবে ব্যবহার করা যায়না। এ  সংক্রান্ত অডিট রিপোর্টেও সেই তথ্য উঠে এসেছে।

বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে আগামী মঙ্গলবার মামলার পরবর্তী শুনানি। ঐ দিনই দু'পক্ষের তরফে জমা দেওয়া হলফনামা খতিয়ে দেখে মামলার গ্রহণযোগ্যতা বিচার করবে আদালত।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র  মোদী এমাসের ২৭ তারিখ আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

**********************

জাতীয় সিকল সেল মিশনের অধীনে মোট ৬ কোটি ব্যক্তির নমুনা পরীক্ষা করা হয়েছে। এর মধ্যে ২ লক্ষ ১৫ হাজার ব্যক্তির দেহে রোগের উপস্থিতির সন্ধান মিলেছে। চিহ্নিত করা হয়েছে ১৬ লক্ষের বেশী রোগবাহককে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক সূত্রে খবর, নির্দিষ্ট লক্ষ্যমাত্রার তুলনায় উচ্চ শতাংশহারে রোগী শনাক্তকরণের কাজে এগিয়ে আছে মধ্যপ্রদেশ, গুজরাত, রাজস্থান, তেলেঙ্গানা, কর্ণাটক এবং উত্তরাখন্ড। ওড়িশা, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র এবং গুজরাত থেকে সর্বাধিক রোগাক্রান্ত হওয়ার খবর মিলেছে।

উল্লেখ্য, ২০২৩ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় সিকল সেল–রক্তাল্পতা নির্মূলীকরণ অভিযানের সূচনা করেন। এই কর্মসূচীর অধীনে প্রভাবিত জনজাতি অধ্যুষিত অঞ্চলে নবজাতক থেকে ৪০ বছর বয়সী ৭ কোটি মানুষের স্ক্রিনিং এর পাশাপাশি ২০৪৭ সালের মধ্যে দেশ থেকে সিকল সেল অ্যানিমিয়া নির্মূল করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

**********************

গ্রামাঞ্চল সহ প্রান্তিক এলাকায় সরকারি প্রকল্প ও পরিষেবা নিয়ে মানুষের অভাব অভিযোগের সমাধান করতে রাজ্য সরকার, 'আমাদের পাড়া, আমাদের সমাধান' কর্মসূচির কথা ঘোষণা করেছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, আগামী দোসরা আগস্ট থেকে এই উদ্যোগ চালু হয়ে চলবে পরবর্তী দু'মাস।

রাজ্যের ৮ হাজার ভোট কেন্দ্র-র মধ্যে তিনটি কেন্দ্র নিয়ে একটি করে শিবির আয়োজন করা হবে। সেখানে সরকারি আধিকারিকরা জল, বিদ্যুৎ, নিকাশি সহ এলাকা ভিত্তিক ছোটখাটো সমস্যা ও অভিযোগের কথা শুনবেন ও সমাধান করবেন।

এজন্য বুথ প্রতি দশ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং গোটা প্রক্রিয়ায় আট হাজার কোটি টাকা খরচ হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

**********************

সুপ্রিম কোর্টের রায়ে হারানো চাকরীতে সসম্মানে পুনর্বহালের দাবী নিয়ে আজ থেকে নতুন দিল্লিতে ধর্নায় বসতে চলেছে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ। দিল্লির রামলীলা ময়দানে গৃহীত এই কর্মসূচী আগামীকাল'ও চলবে।

মঞ্চের রাজ্য কোর কমিটির সদস্য রাকেশ আলম জানিয়েছেন, গতকাল'ও চাকরীহারা শিক্ষকদের একাংশ দিল্লি পৌঁছেছেন। তাঁরাও বিক্ষোভ কর্মসূচীতে অংশ নেবেন। মঞ্চের আহ্বায়ক মেহেবুব মন্ডল বলেন, এই মুহূর্তে সংসদে বাদল অধিবেশন চলছে। বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের কাছে তাঁদের সমস্যার কথা তুলে ধরা হয়েছে।

আগামী শুক্রবার নাগরিক সমাজ, শিক্ষক, অধ্যাপক এবং সাহিত্য ও সংস্কৃতি জগতের প্রতিনিধিদের নিয়ে গণ কনভেনশনের'ও ডাক দেওয়া হয়েছে।

**********************

১৩৪-তম ডুরান্ড কাপ ফুটবল আজ কলকাতায় শুরু হচ্ছে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে প্রতিযোগিতার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

প্রথম দিন গ্রুপ-এ'র ম্যাচে ইস্টবেঙ্গল-সাউথ ইউনাইটেড এফসির মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল সাড়ে পাঁচটায়। মোহনবাগান সুপারজায়ান্ট ৩১ শে জুলাই ডুরান্ড কাপ অভিযান শুরু করবে। প্রতিপক্ষ মহামেডান স্পোর্টিং।

আমাদের ক্রীড়া প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভিসি- অরিজিত দত্ত)

**********************

উত্তর বঙ্গোপসাগরে আগামী ৪৮ ঘন্টায় একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এই নিম্নচাপ এলাকা এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আগামীকাল থেকে কয়েকদিন দক্ষিণ বঙ্গের বেশ কিছু জেলায় বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট- সোমনাথ)

উত্তর ও মধ্য বঙ্গোপসাগরে সমুদ্র উত্তল থাকার সম্ভাবনা থাকায় পরবর্তী নির্দেশিকা না দেওয়া পর্যন্ত আগামীকাল থেকে মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

**********************

নাবালিকাকে যৌন হেনস্থার দায়ে **পুরুলিয়ার** অতিরিক্ত জেলা ও দায়েরা আদালত, এক যুবকের ২০ বছরের কারাদন্ড ঘোষণা করেছে। একইসঙ্গে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ছ'মাস কারাবাস এবং নির্যাতিতাকে তিন লক্ষ টাকা দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারক রাণা দাম।

উল্লেখ্য, ২০১৯ সালের ১৩'ই সেপ্টেম্বর প্রতিবেশী এক যুবক নাবালিকাকে ফুঁসলিয়ে নিজের বাড়ি নিয়ে গিয়ে নির্যাতন চালায়। 'পক্সো' আইনে মামলা দায়ের হলে, জেলা আদালতে চলে বিচার পর্ব। গতকাল তার সাজা ঘোষণা করা হয়েছে।

অন্যদিকে, পূর্ব বর্ধমানের ভাতারে ষষ্ঠ শ্রেণীর এক ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগ উঠেছে স্কুল শিক্ষকের বিরুদ্ধে। ঘটনার খবর প্রকাশ্যে আসতেই রণক্ষেত্র হয়ে ওঠে স্কুল চত্ত্বর। অভিযুক্ত শিক্ষককে আটকে রেখে ঘন্টা চারেক ধরে একটানা বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। এমনকি অভিযুক্তকে উদ্ধার করে নিয়ে যাওয়ার সময় পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল'ও ছোঁড়া হয় বলে অভিযোগ। পুলিশ পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

***********************************************************************